



প্রেস-রিলিজ

‘দেশকে সোনার বাংলায় পরিণত করতে হলে
নিজেদেরকে দেশপ্রেমিক হিসেবে গড়ে তুলতে হবে’
-উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৪ সেপ্টেম্বর ২০২৩।

মহান মুক্তিযুদ্ধের চেতনা, মুক্তিযোদ্ধাদের ত্যাগের আদর্শ, জাতির পিতার নেতৃত্বের প্রেরণায় উৎসাহিত হয়ে নিজেদেরকে সৎ, যোগ্য ও দেশপ্রেমিক নাগরিকে পরিণত হতে হবে। হতে হবে মনুষ্যত্বসম্পন্ন মানুষ। দেশকে বঙ্গবন্ধুর সোনার বাংলায় পরিণত করতে হলে তোমাদেরকে প্রথাগত শিক্ষা অর্জনের পাশাপাশি একজন সত্যিকারের দেশপ্রেমিক হিসেবে গড়ে তুলতে হবে। সততা ও নৈতিকতা সাথে দাঁড়াতে হবে মানুষের পাশে এবং কাজ করে যেতে হবে দেশের কল্যানে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ‘ডিন্স অ্যাওয়ার্ড ২০২৩’ প্রদান অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রধান অতিথির বক্তব্যে এ কথাগুলো বলেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় শিক্ষা, গবেষণা ও সহশিক্ষা কার্যক্রমের সমষ্টিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়কে দেশ ও আন্তর্জাতিক পরিমন্ডলে পরিচিত করতে বিশ্ববিদ্যালয়ের সকলকে ঐক্যবন্ধভাবে কাজ করে যেতে আহ্বান জানান। ০৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখ বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীন ২০১৮-১৯, ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক এবং ২০১৭-১৮, ২০১৮-১৯ শিক্ষাবর্ষের স্নাতকোত্তর পর্যায়ের সর্বমোট ১০৭ জন মেধাবী শিক্ষার্থীদের মাঝে ডিন্স অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূইয়া। কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আইন অনুষদের ডিন সুপ্রতাত হালদার। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জীবিজ্ঞান অনুষদের ডিন ড. সুব্রত কুমার দাস, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ড. আবদুল্লাহ আল মাসুদ, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন দিলআফরোজ খানম। অ্যাওয়ার্ড প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন রসায়ন বিভাগের স্নাতকোত্তর ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী অরিন্দম কর্মকার (জিপিএ-৪.০০) ও কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের স্নাতক (সম্মান) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী সোফিয়া খাতুন (সিজিপিএ-৩.৯৮)। অনুষ্ঠানে সম্মাননাপ্রাপ্ত ১০৭ মেধাবী শিক্ষার্থীদের হাতে সনদপত্র ও ক্রেস্ট তুলে দেন উপাচার্য ও ট্রেজারার মহোদয়সহ অন্যান্য অতিথিবৃন্দ। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় প্রধান, পরিচালকবৃন্দ, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দসহ কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন গবেষণা ও সম্প্রসারণ অফিসের পরিচালক ড. মোহাম্মদ সাখাওয়াত হোসেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৩ খ্রিস্টাব্দ

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়